

Riley Collins, M.D. Ylbe Franco-Marx M.D. Patricia Franz, M.D. Sangeeta Kaur, M.D.

Ty Kwaiser, M.D. Lori Mausl, M.D. Theodoros Vlachos, M.D

**Beaumont OB/GYN Associates-Royal Oak**

3535 W 13 Mile Rd Ste 329  
Royal Oak, MI 48073  
ফোন: 248-551-1399  
ফ্যাক্স: 248-551-5158

**Beaumont OB/GYN Associates-Warren**

8545 Common Rd Ste 100  
Warren, MI 48093  
ফোন: 586-393-3040  
ফ্যাক্স: 586-393-3042

প্রিয় রোগী,

আমাদের প্র্যাকটিসে আমরা আপনাকে স্বাগত জানাই। এটি আমাদের একটি গ্রুপ প্র্যাকটিস, এবং আমরা এমন একটি পরিবেশ তৈরি করতে সচেষ্ট যেখানে লিঙ্গ বা জাতি নির্বিশেষে সবার সাথে মর্যাদা ও সম্মানের সঙ্গে আচরণ করা হয় এবং বৈচিত্র্যের মূল্য দেওয়া হয়। আমাদের লক্ষ্য হলো সব বয়সের মহিলাদের জন্য চমৎকার প্রসূতি ও গাইনী সেবা প্রদান করা।

আপনার অ্যাপয়েন্টমেন্ট ড. \_\_\_\_\_ এর সাথে  
\_\_\_\_\_ তারিখে \_\_\_\_\_ টার সময় নির্ধারণ করা হয়েছে।

সবচেয়ে ভালো ও ফলপ্রসূ সেবা প্রদানের জন্য অনুগ্রহ করে নিম্নলিখিত নির্দেশনা পড়ে নিন:

- 15 মিনিট আগে এসে উপস্থিত হোন
- আপনার ইন্স্যুরেন্স কার্ড এবং স্টেটের ইস্যুকৃত আইডি সঙ্গে আনুন
- আপনার নতুন রোগীর কাগজপত্র সম্পূর্ণ করেছেন ও স্বাক্ষর করেছেন তা নিশ্চিত করুন
- আপনার সব ওষুধের একটি তালিকা সঙ্গে আনুন
- আপনি গর্ভবতী হলে, প্রতি বার ভিজিটে আসার সময় মূত্রাশয় পূর্ণ রয়েছে এমন অবস্থায় আসুন
- আপনার বিমার জন্য আপনার PCP-এর কাছ থেকে রেফারাল/অনুমোদন প্রয়োজন হলে সেটি সঙ্গে আনুন
- যদি আপনার জন্য দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আমাদেরকে ফোন করে জানান যাতে আমরা আপনার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করতে পারি। আপনার পরিবার ও বন্ধু-বান্ধব আপনার পক্ষে দোভাষী হিসেবে কাজ করার অনুমতি নেই।

আমাদের প্র্যাকটিস সম্পর্কে অন্য কিছু গুরুত্বপূর্ণ তথ্য

- প্রসূতি সেবা প্রদানের জন্য আমরা পুরুষ ও মহিলা চিকিৎসক মিলিয়ে মোট সাতজন ডাক্তার একটি গ্রুপ হিসেবে প্র্যাকটিস করি।
- আমাদের চিকিৎসকদের গ্রুপে দুইজন পুরুষ চিকিৎসক রয়েছেন যারা আপনার প্রসবের সময় দায়িত্বে নিযুক্ত থাকতে পারেন।
- আপনার প্রথম প্রসবপূর্ব ভিজিটের সময় আপনি উপরোক্ত নির্দেশনা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য বুঝতে পেরেছেন তা জানিয়ে আপনাকে একটি স্বীকৃতিপত্রে স্বাক্ষর করার জন্য বলা হবে।
- অ্যালকোহল বা মাদকের প্রভাবে আচ্ছন্ন হয়ে আছেন, এবং/অথবা গাঁজার গন্ধ পাওয়া যাচ্ছে এমন যেকোনো রোগী বা রোগীর সঙ্গীকে অন্য কোনো সময়ে পুনরায় অ্যাপয়েন্টমেন্ট নেয়ার জন্য বলা হবে।

যদি আপনার ভিজিটের আগে আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে অফিসে ফোন করুন এবং আমরা সানন্দে আপনাকে সহায়তা করবো।

বিনীত,

Beaumont OB/GYN Associates এবং Beaumont Ob/Gyn Associates-Warren